



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাগুরা

হরিশ দত্ত সড়ক, পুরাতন বাজার, মাগুরা

ফোন : ০২৪৭৭৭১০০৪৬ ই-মেইল : crmmagura@krishibank.org.bd



## আঞ্চলিক নৈতিকতা কমিটি সভার কার্য বিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাগুরার গঠিত মুখ্য আঞ্চলিক নৈতিকতা কমিটি সভা ২৮/০৯/২০২২ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব আকিঞ্চন বিশ্বাস এর সভাপতিত্বে মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাগুরায় অনুষ্ঠিত হয়।

ক্রঃনং	নাম	পদবী	কমিটিতে অবস্থান
০১	জনাব আকিঞ্চন বিশ্বাস	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	আহ্বায়ক ও সভাপতি
০২	জনাব আব্দুল ওহাব	সহকারী মহাব্যবস্থাপক	সদস্য
০৩	জনাব ফিরোজা বানু	মুখ্য কর্মকর্তা	সদস্য
০৪	জনাব দেবাংশু শেখর বিশ্বাস	উর্ধ্বতন কর্মকর্তা	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

- ০২। সভার শুরুতে সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থবছরে অত্র অঞ্চলের ১৬টি শাখাকে মুনাফা অর্জনকারী শাখায় পরিনত করনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।
- ০৩। ২০২২-২০২৩ অর্থবছরের ব্যবসায়িক কর্মকাণ্ডের অর্জন পর্যালোচনা করা হয় যা নিম্নরূপঃ
- ক) শ্রেণী বিন্যাসিত ঋণ হ্রাসকরণ করতে হবে।
- খ) কৃষি, কৃষি ভিত্তিক শিল্প, এসএমই ও অন্যান্য খাতে ৩০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ।
- গ) কৃষি ও পল্লী ঋণ খাতে ২৩১.০০ কোটি টাকা ঋণ বিতরণ।
- ঘ) এসএমই খাতে ৬৪.৯২ কোটি টাকা ঋণ বিতরণ।
- ঙ) ভূমিহীন ও বর্গাচাষীদের ২.০০ কোটি টাকা ঋণ বিতরণ।
- চ) ২০২২-২০২৩ অর্থবছরের ৬৩.০০ কোটি টাকা রেমিট্যান্স সংগ্রহ।
- ছ) গ্রামবাংলার মানুষের কাছে আধুনিক ও যুগোপযোগী ব্যাংকিং সুবিধা পৌঁছে দেয়ার লক্ষ্যে ব্যাংকের সকল শাখার মাধ্যমে ডিজিটালাইজড ব্যাংকিং সেবা প্রদান।
- জ) কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিভিন্ন ঋণ প্রণোদনার আওতায় ক্ষতিগ্রস্ত বিদ্যমান ও নতুন গ্রাহকদের মধ্যে স্বল্প সুদে কৃষি ঋণ, সিএসএমই ঋণসহ অন্যান্য ঋণ বিতরণ।
- ৪। নৈতিকতা কমিটির সভার গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও পরিপালনের জন্য নির্দেশনা প্রদান পূর্বক সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 ২৮/০৯/২০২২	 ২৮/০৯/২০২২	 ২৮/০৯/২০২২	 ২৮.০৯.২০২২
(দেবাংশু শেখর বিশ্বাস) উর্ধ্বতন কর্মকর্তা ও সদস্য নৈতিকতা কমিটি বিকেবি, মুআকা, মাগুরা।	(ফিরোজা বানু) মুখ্য কর্মকর্তা ও সদস্য নৈতিকতা কমিটি বিকেবি, মুআকা, মাগুরা।	(মোঃ আব্দুল ওহাব) সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য নৈতিকতা কমিটি বিকেবি, মুআকা, মাগুরা।	(আকিঞ্চন বিশ্বাস) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও সভাপতি নৈতিকতা মিটি বিকেবি, মুআকা, মাগুরা।